

স্মারক নং : বাউবি/এসএসএস/বিবিএ/রেজিস্ট্রেশন/২৩(১২)/২১/৩০৭৭

তারিখ : ১৪ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
০৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র : ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/ রংপুর/বগুড়া/ রাজশাহী/ফরিদপুর/ যশোর/খুলনা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিষয় : বিবিএ প্রোগ্রাম ২৩১ সিমেন্টার-এর নতুন ভর্তিচ্ছু ও পুরাতন শিক্ষার্থীর (১ম, ৩য়, ৫ম ও ৭ম লেভেল) কোর্স রেজিস্ট্রেশন
ও কোর্স পুনঃরেজিস্ট্রেশন ফি জমাদানের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : বাউবি/এসওবি/২০২৫/১৪২৬৩; তারিখ : ০৪/০৫/২০২৫।

মহোদয়,

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এসওবি পরিচালিত বিবিএ প্রোগ্রাম ২৩১ সিমেন্টার-এর নতুন ভর্তিচ্ছু ও পুরাতন শিক্ষার্থীর (১ম, ৩য়, ৫ম ও ৭ম লেভেল) কোর্স রেজিস্ট্রেশন ও কোর্স পুনঃরেজিস্ট্রেশন ফি জমা দেয়ার সময়সীমা নিম্নোক্তভাবে বৃদ্ধি করা হলো।


বিবিএ প্রোগ্রাম-২৩১ সিমেন্টারে ভর্তি, কোর্স রেজিস্ট্রেশন এবং কোর্স পুনঃ রেজিস্ট্রেশন সময়সীমা :

ক্রম.	বিষয়	ফি জমাদান-এর বর্ধিত সময়সীমা
০১.	বিবিএ প্রোগ্রাম ২৩১ সিমেন্টার-এর নতুন ভর্তিচ্ছু ও পুরাতন শিক্ষার্থীর (১ম, ৩য়, ৫ম ও ৭ম লেভেল) কোর্স রেজিস্ট্রেশন ও কোর্স পুনঃরেজিস্ট্রেশন ফি জমাদান।	২৯/০৫/২০২৫ তারিখ পর্যন্ত

- যে সকল শিক্ষার্থী OSAPS-এর মাধ্যমে ভর্তি হয়েছেন। তারা OSAPS-এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন।
- ১৯১ সিমেন্টারের পূর্ববর্তী সিমেন্টারে ভর্তি হওয়া সকল শিক্ষার্থীগণ অফলাইনে কোর্স রেজিস্ট্রেশন ও কোর্স পুনঃরেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।
- শিক্ষার্থীগণ আইডি কার্ডের ফটোকপি এবং ফি জমাদানের তথ্য বাউবির সংশ্লিষ্ট আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রোগ্রাম কর্মকর্তার নিকট নির্ধারিত তারিখের মধ্যে জমাদান করবেন।
- উল্লেখ্য যে, যে সকল শিক্ষার্থী সিমেন্টার ব্রেক দিয়েছে তাদের জন্যও সকল লেভেলে OSAPS খোলা থাকবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



মোঃ আব্দুল করিম

যুগ্ম-পরিচালক (ভর্তি)

এসএসএস বিভাগ, বাউবি।

সদয় অবগতি ও কার্যার্থে :

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডীন, স্কুল অব বিজনেস, বাউবি।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি।
৪. পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।
৫. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (বাউবি ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি (OSAPS-এর মাধ্যমে ভর্তিসহ কোর্স রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
৭. আঞ্চলিক পরিচালক (সকল), আঞ্চলিক কেন্দ্র, বাউবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৮. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. সংরক্ষণ নথি।